# তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২ আওতায় প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ "দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য অধিকার আইন এর অনলাইন প্রশিক্ষণ" সংক্রান্ত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৫/১২/২০২১ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর সুশাসন প্রতিষ্ঠায় সরকারী একটি অন্যতম হাতিয়ার হিসেবে তথ্য অধিকার আইন এর বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক সমূহ প্রশিক্ষণার্থীদের কাছে তুলে ধরেন। তিনি জানান যে, প্রতিটি সরকারী দপ্তর হতে যে কোন তথ্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রয়েছেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এ উল্লেখিত ফর্মে আবেদন করে যে কেউ যে কোন দপ্তর হতে যে কোন তথ্যের জন্য আবেদন করতে পারেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব হলো চাহিত তথ্য সরবরাহ নিশ্চিত করা। এ ব্যাপারে তথ্য কমিশন সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ দিয়ে সার্টিফিকেট প্রদান করেছে। আজকের প্রশিক্ষণে এই অনলাইন ট্রেনিং এ কি কি বিষয় কভার করা হয়েছে তা সিনিয়র প্ল্যানার সংক্ষেপে বর্ণনা করেন। অনলাইন প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছেঃ তথ্য অধিকার এর ইতিহাস, স্বীকৃতি ও উদ্দেশ্য, আবেদনের প্রেক্ষিতে তথ্য সরবরাহ, আপীল দায়ের ও নিষ্পত্তি, অভিযোগ দায়ের ও নিষ্পত্তি, তথ্য সংরক্ষণ এবং স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ, প্রদানযোগ্য এবং প্রদান করা বাধ্যতামূলক নয় এমন তথ্য, সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের করণীয়, তথ্য অধিকার প্রতিষ্ঠায় নিজ নিজ দপ্তরের দাপ্তরিক পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি। তাছাড়া তিনি প্রশিক্ষণার্থীদের অনলাইন কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী, সাধারণ সমস্যাবলী এবং দাপ্তরিক তথ্য অধিকার কর্মপরিকল্পনার নমুনা হিসেবে সিলেট আঞ্চলিক অফিসের তথ্য অধিকার আইন ২০২১-২২ এর কর্মপরিকল্পনা প্রশিক্ষণার্থীদের সামনে তুলে ধরেন। তিনি অত্র প্রশিক্ষণের PPT টি সিলেট আঞ্চলিক অফিসের তথ্য বাতায়নের তথ্য অধিকার আইন সেবাবক্সের "তথ্য অধিকার আইন ও বিবিধ" লিংকে আপলোড করা আছে বলে প্রশিক্ষণার্থীদের জানান। পরবর্তীতে, তিনি প্রশিক্ষণার্থীদের তথ্য অধিকার আইন অনলাইন প্রশিক্ষণ বিষয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ দুর্নীতি রোধে তথ্য অধিকার আইন, অনলাইন প্রশিক্ষণ এবং এর প্রায়োগিক বিষয়ে জ্ঞান লাভ করেন।

(গ) আঞ্চলিক অফিস প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে তথ্য অধিকার আইন এর অনলাইন প্রশিক্ষণ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করা যায়।

Shaheen Ahmed
15/12/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

# উপস্থিতি তালিকাঃ

প্রশিক্ষণের বিষয়ঃ “দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য অধিকার আইন এর অনলাইন প্রশিক্ষণ” সংক্রান্ত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯:৩০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৫/১২/২০২১ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ১৫/১২/২১ |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | ১৫/১২/২০২১ |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | ১৫/১২/২০২১ |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | আমির |

Shaheen Ahmed
15/12/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট